

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০৯.১৭.১০৩৪

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩০

২৬ জুলাই ২০২৩

বিষয়: বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাদের লিয়েন মঞ্জুরের বিষয়ে তথ্য প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাদের লিয়েন মঞ্জুরের ক্ষেত্রে আবেদনকারীর চাকরির অফারলেটার সঠিক কিনা তা যাচাই/বাছাই ছাড়া প্রেরণের কারণে দাপ্তরিক কাজে দীর্ঘসূত্রিতা ও ব্যাঘাত ঘটছে। এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা হতে জারিকৃত লিয়েন সংরক্ষণের নীতিমালা অনুযায়ী লিয়েনাধীন কর্মকর্তাগণ সঠিকভাবে লিভ স্যালারি কন্ট্রিবিউশনসহ সকল চাঁদা সরকারি কোষাগারে জমা প্রদান করেন কিনা সে বিষয়টিও জানা প্রয়োজন।

এমতাবস্থায়, বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাদের লিয়েন মঞ্জুরের আবেদন প্রেরণের ক্ষেত্রে চাকরির অফারলেটার হাইকমিশনের মাধ্যমে যাচাইপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ এবং বিগত ০৫ বছরে লিয়েনাধীন কর্মকর্তাদের তালিকা ও লিয়েন সংরক্ষণের নীতিমালা অনুযায়ী তাঁদের লিভ স্যালারি কন্ট্রিবিউশনসহ সকল চাঁদা সরকারি কোষাগারে জমা প্রদানের প্রমাণকসহ আগামী ১৬-০৮-২০২৩ খ্রি. তারিখের মধ্যে এ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৬-৭-২০২৩

মোসাঃ রোকেয়া পারভীন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০৯.১৭.১০৩৪/১(৬)

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩০

২৬ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) অধ্যক্ষ.....(সকল)
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৬-৭-২০২৩

মোসাঃ রোকেয়া পারভীন  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)